
ক্রেতার তৃপ্তির স্তর বজায় রাখার জন্য।

❖ ৩.২.২.৫. বাজেট রেখার সংজ্ঞা (**Definition of Budget Line**) ঃ ক্রেতা কি পরিমাণ দ্রব্য কিনবে তা নির্ভর করে ক্রেতার আয়, দ্রব্যের দাম ইত্যাদির উপর। ক্রেতা তার নির্দিষ্ট আয় থেকে কোন্ দ্রব্য কতটা পরিমাণ কিনবে তা জানার জন্য বাজেট রেখার ধারণা দরকার।

*ক্রেতার নির্দিষ্ট আয় এবং নির্দিষ্ট দুটি দ্রব্যের নির্দিষ্ট দামে ক্রেতা যে সমস্ত সমন্বয় কিনতে পারে, সেই সমন্বয়গুলো যোগ করে যে সঞ্চারপথ পাওয়া যায়, তাকে বলা হয় বাজেট রেখা বা মূল্য রেখা।*

ক্রেতার নির্দিষ্ট আয়কে $Y_0$ এবং নির্দিষ্ট দুটি দ্রব্যকে $q_1$ এবং $q_2$ ধরা হচ্ছে। $q_1$ দ্রব্যের নির্দিষ্ট দামকে $P_1$ এবং $q_2$ দ্রব্যের নির্দিষ্ট দামকে $P_2$ ধরা হচ্ছে। ৩.১৭ নং চিত্রের সাহায্যে বাজেট রেখা ব্যাখ্যা করা হচ্ছে।




চিত্র ঃ ৩.১৭

৩.১৭ নং চিত্রে অনুভূমিক অক্ষে $q_1$ দ্রব্য এবং উল্লম্ব অক্ষে $q_2$ দ্রব্য পরিমাপ করা হচ্ছে। ক্রেতা যদি তার সমস্ত আয় শুধুমাত্র $q_1$ দ্রব্য কেনার জন্য ব্যয় করে, তাহলে সে $\frac{Y_0}{P_1}$ পরিমাণ $q_1$ দ্রব্য কিনতে পারবে।

৩.১৭ নং চিত্রে $OB = \frac{Y_0}{P_1}$ ।

আবার ক্রেতা যদি তার সমস্ত আয় শুধুমাত্র $q_2$ দ্রব্য কেনার জন্য ব্যয় করে তাহলে $\frac{Y_0}{P_2}$ পরিমাণ $q_2$ দ্রব্য কিনতে পারবে। ৩.১৭ নং চিত্রে $OA = \frac{Y_0}{P_2}$ ।

এই A এবং B বিন্দুকে যোগ করে AB সঞ্চারপথ পাওয়া গেল। এই AB সঞ্চারপথই হল ক্রেতার বাজেট রেখা। ক্রেতার বাজেট রেখা প্রকৃতপক্ষে ক্রেতার কেনার ক্ষমতা প্রকাশ করছে। বাজেট রেখার উপর অবস্থিত যে কোনো বিন্দুতেই ক্রেতা দ্রব্য কিনতে পারে।


চিত্রে বাজেট রেখার ঢাল হল

$$\frac{OA}{OB} = \frac{\frac{Y_0}{P_2}}{\frac{Y_0}{P_1}} \qquad \text{অথবা, } \frac{OA}{OB} = \frac{Y_0}{P_2} \times \frac{P_1}{Y_0} \qquad \text{অর্থাৎ } \frac{OA}{OB} = \frac{P_1}{P_2}$$

সুতরাং বাজেট রেখার ঢাল দ্রব্য দুটির দামের অনুপাতের সমান।*

❖ **৩.২.২.৬. বাজেট রেখার স্থান পরিবর্তন (Shift of the Budget Line) ঃ** বাজেট রেখার অবস্থান নির্ভর করে দুটি বিষয়ের উপর, একটি হল ক্রেতার আয় এবং অপরটি হল ক্রেতা যে দুটি দ্রব্য কেনে তাদের দাম। সেইজন্যই বাজেট রেখার স্থান পরিবর্তন প্রধানত দুভাবে ঘটে থাকে।

**(১) দ্রব্য দুটির দাম স্থির অবস্থায় ক্রেতার আয়ের পরিবর্তন ঃ** দ্রব্য দুটির দাম স্থির অবস্থায় যদি ক্রেতার আয়ের পরিবর্তন হয়, তাহলে বাজেট রেখার স্থান পরিবর্তন হয়। কিন্তু বাজেট রেখার ঢাল একই থাকে। কারণ এখানে দ্রব্য দুটির দাম স্থির। ৩.১৮ নং চিত্রের সাহায্যে বিষয়টি ব্যাখ্যা করা হচ্ছে।




*চিত্র ঃ ৩.১৮*


৩.১৮ নং চিত্রে ক্রেতার নির্দিষ্ট আয় এবং দ্রব্য দুটির নির্দিষ্ট দামে AB হল বাজেট রেখা। দ্রব্য দুটির দাম স্থির অবস্থায় ক্রেতার আয় বাড়ার ফলে, বাজেট রেখা AB থেকে সমান্তরালভাবে উপরের দিকে উঠে $A_1B_1$ হয়েছে। তার কারণ হল, ক্রেতার আয় বাড়ার ফলে ক্রেতা যদি তার সমস্ত আয় শুধুমাত্র $q_1$ দ্রব্য কেনার জন্য ব্যয় করে, তাহলে $OB_1$ পরিমাণ $q_1$ দ্রব্য কিনতে পারবে, যা আয় বাড়ার আগের পরিমাণ OB অপেক্ষা বেশি। ঠিক একইভাবে ক্রেতার আয় বাড়ার ফলে, ক্রেতা যদি তার সমস্ত আয় শুধুমাত্র $q_2$ দ্রব্য কেনার জন্য ব্যয় করে, তাহলে $OA_1$ পরিমাণ $q_2$ দ্রব্য কিনতে পারবে। যা আয় বাড়ার আগের পরিমাণ OA অপেক্ষা বেশি।

সুতরাং, এখানে বাজেট রেখার স্থান পরিবর্তন হচ্ছে। কিন্তু ঢালের কোনো পরিবর্তন হচ্ছে না। **অতএব দ্রব্য দুটির দাম স্থির অবস্থায় যদি ক্রেতার আয় বাড়ে, তাহলে বাজেট রেখা সমান্তরালভাবে উপরের দিকে উঠে যাবে। অপরপক্ষে দ্রব্য দুটির দাম স্থির অবস্থায় যদি ক্রেতার আয় কমে, তাহলে বাজেট রেখা সমান্তরালভাবে নীচের দিকে নেমে যাবে।**

**(২) ক্রেতার আয় এবং যে কোনো একটি দ্রব্যের দাম স্থির অবস্থায় অপর দ্রব্যের দামের পরিবর্তন ঃ** ক্রেতার আয় এবং যে কোনো একটি দ্রব্যের দাম স্থির অবস্থায় যদি অপর দ্রব্যের দামের পরিবর্তন হয়, তাহলে বাজেট রেখার স্থান পরিবর্তন হয় এবং সেই সাথে সাথে বাজেট রেখার ঢালেরও পরিবর্তন হয়। এখানে ঢালের

*

পরিবর্তন হওয়ার কারণ হল, একটি দ্রব্যের দামের পরিবর্তন। ৩.১৯ নং চিত্রের সাহায্যে বিষয়টি ব্যাখ্যা করা হচ্ছে।




চিত্র ঃ ৩.১৯


৩.১৯ নং চিত্রে ক্রেতার নির্দিষ্ট আয় এবং দ্রব্য দুটির নির্দিষ্ট দামে AB হল বাজেট রেখা। ক্রেতার আয় এবং $q_2$ দ্রব্যের দাম স্থির অবস্থায় $q_1$ দ্রব্যের দাম কমার ফলে বাজেট রেখা AB থেকে ডানদিকে সরে $AB_1$ হয়েছে। এখানে বাজেট রেখার স্থান পরিবর্তন হচ্ছে এবং সেই সাথে সাথে ঢালেরও পরিবর্তন হচ্ছে। তার কারণ হল ক্রেতার আয় এবং $q_2$ দ্রব্যের দাম স্থির থাকার ফলে ক্রেতা যদি তার সমগ্র আয় শুধুমাত্র $q_2$ দ্রব্য কেনার জন্য ব্যয় করে তাহলে পূর্বের ন্যায় OA পরিমাণই $q_2$ দ্রব্য কিনতে পারবে। কিন্তু $q_1$ দ্রব্যের দাম কমার ফলে ক্রেতা যদি সমগ্র আয় শুধুমাত্র $q_1$ দ্রব্য কেনার জন্য ব্যয় করে, তাহলে $OB_1$ পরিমাণ $q_1$ দ্রব্য কিনতে পারবে, যা $q_1$ দ্রব্যের দাম কমার আগের পরিমাণ OB অপেক্ষা বেশি।

অপরপক্ষে ক্রেতার আয় এবং $q_2$ দ্রব্যের দাম স্থিরাবস্থায় যদি $q_1$ দ্রব্যের দাম বেড়ে যায়, তাহলে AB বাজেট রেখা বামদিকে সরে $AB_2$ হবে।

নিরপেক্ষ রেখা পদ্ধতিতে ক্রেতার ভারসাম্য (Consumer's Equilibri

(ii) আয়ের পরিবর্তন ও বাজেট রেখার স্থানান্তর : যদি দ্রব্য দুটির দাম স্থির থাকা অবস্থায় ক্রেতার আর্থিক আয়ের পরিবর্তন হয় তাহলে বাজেট রেখা তার প্রাথমিক অবস্থা থেকে সমান্তরালভাবে সরে যাবে।

নীচের চিত্র অনুসারে X এবং Y দ্রব্যের দাম $P^0$ এবং $P_y^0$ এবং ভোক্তার আর্থিক আয় $M_0$-তে স্থির থাকা অবস্থায় বাজেট রেখাটি হল AB। যদি X এবং Y দ্রব্যের দাম যথাক্রমে $P_x^0$ এবং $P_y^0$-তে স্থির থাকে এবং ক্রেতার আর্থিক আয় $M_0$ থেকে $M_1$ বৃদ্ধি পেয়ে হয়, তাহলে উভয় অক্ষে বাজেট রেখার ছেদক বৃদ্ধি পাবে, কারণ Y দ্রব্যের




চিত্র ১৩।

সর্বোচ্চ ক্রয়ের পরিমাণ বৃদ্ধি পেয়ে হবে $\frac{M_1}{P_y^0}$ যা $0A_1$ দৈর্ঘ্যের সমান এবং X দ্রব্যের সর্বোচ্চ ক্রয়ের পরিমাণ বৃদ্ধি পেয়ে হবে $\frac{M_1}{P_x^0}$ যা $0B_1$ দৈর্ঘ্যের সমান। কিন্তু দাম অনুপাত বা বাজেট রেখার ঢালের চরম মান $\frac{P_x^0}{P_y^0}$-তে অপরিবর্তিত থাকবে। অতএব নতুন বাজেট রেখা $A_1B_1$-এর ঢালের চরম মান $= \frac{P_x^0}{P_y^0}$ । সুতরাং দ্রব্যের দাম স্থির থাকা অবস্থায় আর্থিক আয়ের পরিমাণ বৃদ্ধি পেলে বাজেট রেখা প্রাথমিক অবস্থান থেকে সমান্তরালভাবে ডানদিকে সরে যাবে। এক[redacted]